

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
 বাজেট অধিশাখা

নং- ২৫.০০.০০০০.০১৭.০০৪.১৭- ২৬৬

তারিখ: ২-০২-১৪২৪ বঙ্গাব্দ
 ২৬-০৫-২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়: গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনা এবং আবাসিক ভবনসমূহের মেরামত ও সংস্কার কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনার জন্য হিষ্টি বুক সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে গণপূর্ত অধিদপ্তরের বাজেটভুক্ত ৪৯০০ কোডের মেরামত ও সংস্কার খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে কেপিআইভুক্ত গুরুত্বপূর্ণ স্থাপনাসহ অন্যান্য স্থাপনা, অফিস ভবন এবং আবাসিক ভবনসমূহ মেরামত ও সংস্কারের ক্ষেত্রে হিষ্টি বুক (নমুনা সংযুক্ত) সংরক্ষণ করার জন্য নির্দশক্রমে অনুরোধ করা হলো। কেপিআইভুক্ত স্থাপনাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা সরকারি অফিস এবং আবাসিক ভবনসমূহ মেরামত ও সংস্কার কাজের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাগুলি আবশ্যিকভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- প্রতিটি স্থাপনা/ভবনের জন্য একটি হিষ্টি বুক খুলতে হবে;
- গণপূর্ত অধিদপ্তরের প্রতিটি বিভাগীয় অফিসে রক্ষিত মেজর ও মাইনর রেজিস্টার, বিল্ডিং রেজিস্টার (বুক রেজিস্টার) এবং ল্যান্ড রেজিস্টার হাল নাগাদ রাখতে হবে;
- মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ক প্রাক্কলিত প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট স্থাপনার সংস্কার ও মেরামত সংক্রান্ত মাইনর রেজিস্টার এবং হিষ্টি বুকের বিগত তিন বছরের তথ্য সত্যায়নপূর্বক সংযুক্ত করতে হবে;
- নির্মাণ/মেরামতের ক্ষেত্রে নির্মাণ ও মেরামত সামগ্রীর প্রাক্কলন অনুযায়ী গুণগত মান বজায় রাখতে হবে। ব্যত্যয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;
- মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তার বন্দ যখন ওই সমস্ত স্থাপনা পরিদর্শন করবেন, তখন হিষ্টি বুক এবং সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ পর্যবেক্ষণ করবেন।

সংযুক্তি: হিষ্টি বুকের নমুনা।

নং:
 ডি. প্র. সমস্বয়
 অনুলিপি অধিদপ্তর জন প্রেরণ করা হলো।
 বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
 সভায় সোপানাম করুন এবং কার্য বিবরণী অব্যাহত করুন।
 পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
 তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দিন।
 পরীক্ষা করে পেশ করুন।
 রাখতে পেশ করুন।

ড. মোঃ মনিরুল হুদা
 উপসচিব
 ফোন নং- ৯৫৫৭৪৬০।

প্রধান প্রকৌশলী
 গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন
 সেগুনবাগিচা, ঢাকা।

প্রধান প্রকৌশলী
 গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

- সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমস্বয়), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- অফিস কপি/ মাস্টার ফাইল।

২.১.০৫/১৭

